

💵 যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৫১

১/ বিবিধ

আরবী

العنكبوت شيطان مسخه الله فاقتلوه موضوع

أخرجه ابن عدي (320 / 1) في ترجمة مسلمة بن علي الخشني حدثنا سعيد بن سنان عن أبي الزاهرية عن عبد الله بن عمر مرفوعا، وقال ابن عدي: مسلمة كل أحاديثه أو عامتها غير محفوظة

ومما يدل على بطلان هذا الحديث أنه مخالف لما ثبت في " الصحيح " مرفوعا " إن الله لم يجعل لمسخ نسلا ولا عقبا "، رواه مسلم (8 / 55)

وقال ابن حزم في " المحلى " (7 / 430) : وكل ما جاء في المسوخ في غير القرد والخنزير فباطل وكذب موضوع

وخالف السيوطى كعادته فذكره فى جامعه

বাংলা

১৫১। মাকড়সা হচ্ছে শয়তান আল্লাহ তার রূপ পরিবর্তন করে দিয়েছেন। অতএব তোমরা তাকে হত্যা কর। হাদীসটি জাল।

এটি ইবনু আদী (১/৩২০) মাসলামা ইবনু আলী আল-খুশানী সূত্রে ... বর্ণনা করেছেন। এ মাসলামা সম্পর্কে ১৪১, ১৪৫, ১৫০ নং হাদীসে বিস্তারিত আলোচনা করা হয়েছে।

এছাড়া হাদীসটি বাতিল হওয়ার প্রমাণ এই যে, এটি সহীহ্ হাদীস বিরোধী।



সহীহ্ হাদীসে এসেছে, إن الله لم يجعل لمسخ نسلا ولا عقبا "আল্লাহ তা'আলা কর্তৃক রূপ পরিবর্তনকৃত জীবের কোন বংশধর এবং পরবর্তী প্রজন্ম রাখেননি।" হাদীসটি ইমাম মুসলিম (৮/৫৫) বর্ণনা করেছেন।

ইবনু হাযম "আল-মুহাল্লা" গ্রন্থে (৭/৪৩০) বলেনঃ বানর ও শুকর ব্যতীত যে সব প্রাণীর রূপ পরিবর্তন মর্মে হাদীস এসেছে সেগুলো বাতিল, মিথ্যা ও বানোয়াট। সুয়ূতী অভ্যাসগতভাবে তার বিরোধিতা করে হাদীসটি "জামেউস সাগীর" গ্রন্থে উল্লেখ করেছেন।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন